

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)
শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরগি
১/ক সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.imli.gov.bd

স্মারক নং- ৩৭.২৬.০০০০.১১৪.২৯.০০১.২২- ৫৭


৪ জ্যৈষ্ঠ ১৪৩২
তারিখ: -----
১৮ মে ২০২৫

বিষয়: আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের ভাষা জাদুঘর, লাইব্রেরি ও বিশ্বের লিখনরীতি আর্কাইভ পরিদর্শনের বিষয়ে আমন্ত্রণপত্র।


আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন একুশের চেতনাবর্ষী একটি প্রতিষ্ঠান। ২০১৬ সালে এ ইনস্টিটিউট ইউনেস্কোর ক্যাটাগরি-২ প্রতিষ্ঠানের মর্যাদা লাভ করেছে। এ প্রতিষ্ঠানে রয়েছে সমৃদ্ধ আধুনিক ভাষা জাদুঘর, সুবিশাল লাইব্রেরি ও বিশ্বের লিখনরীতি আর্কাইভ। ভাষা জাদুঘরে মহান ভাষা আন্দোলনের দুর্লভ আলোকচিত্রসহ ১৯৯টি দেশের ভাষার তথ্য বিন্যস্ত করা হয়েছে। বিশ্বের লিখনরীতি আর্কাইভে রয়েছে বিশ্বের ১৫৪টি ভাষার আদি লিখনরীতি ও লিখন বৈচিত্র্য। লাইব্রেরিতে রয়েছে দেশ বিদেশের গুরুত্বপূর্ণ গ্রন্থ। সরকারি ছুটির দিন ব্যতীত আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের প্রদত্ত সেবা প্রতিদিন সকাল ৯:৩০ মি. থেকে বিকাল ৪:৩০ মি. পর্যন্ত দর্শনার্থীদের জন্য উন্মুক্ত থাকে। উল্লেখ্য, ভাষা জাদুঘর, লাইব্রেরি ও বিশ্বের লিখনরীতি আর্কাইভ পরিদর্শনের জন্য কোনো প্রবেশ মূল্য নেই।

আমরা মনে করি, শিক্ষার্থীদের শিক্ষা সফরের জন্য আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট একটি অন্যতম প্রতিষ্ঠান এবং ভাষা জাদুঘর, লাইব্রেরি ও বিশ্বের লিখনরীতি আর্কাইভ গুরুত্বপূর্ণ অনুঘটক। পরিদর্শনের জন্য ০১৯২২০৩১০৫২, ০১৬২৮৪০৬৫৬৪, ০১৬৮২৮০৯৪৩১, ০১৭৮৮৮৭৪০৯৮, নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

আপনার প্রতিষ্ঠান থেকে শিক্ষক ও শিক্ষার্থীদের আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে শিক্ষাসফরের জন্য বিশেষভাবে আমন্ত্রণ জানানো হলো।


পরিচালক

অধ্যাপক ড. মুহাম্মদ আসাদুজ্জামান
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.imli.gov.bd

৩০শে বৈশাখ ১৪৩২

স্মারক নং- ৩৭.২৬.০০০০.০০০.১০৭.২৩.০০০১.২৫-

তারিখ:

১৩ই মে ২০২৫

**বিষয়: আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট কর্তৃক আয়োজিত বিশ্ব আদিবাসী দিবস উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতার বিষয়টি
বহল প্রচার এবং অংশগ্রহণের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে অবহিতকরণ।**

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট প্রথমবারের মতো বিশ্ব আদিবাসী দিবস উপলক্ষ্যে দেশব্যাপী “রচনা প্রতিযোগিতা” আয়োজন করতে যাচ্ছে। এ আয়োজনের মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে বাংলাদেশের ক্ষুদ্র-নৃগোষ্ঠীর ভাষা ও সংস্কৃতির প্রচার ও প্রসার ঘটানো ইনস্টিটিউটের মূল লক্ষ্য। আগামী ২০ মে ২০২৫ থেকে দেশব্যাপী সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

প্রতিযোগিতার নিয়মাবলি:

ক. রচনার বিষয়: **বাংলাদেশের ক্ষুদ্র-নৃগোষ্ঠীর ভাষা ও সংস্কৃতি**

খ. লেখায় মূল্যবোধের সঙ্গে সাংঘর্ষিক কোনো বিষয় উল্লেখ করা যাবে না।

গ. সর্বোচ্চ শব্দ হবে ২০০০।

ঘ. লেখার ফন্ট হবে SutonnyMJ ১৪ এবং প্যারাগ্রাফ লাইন স্পেস হবে ১.৫।

ঙ. সারা দেশের অষ্টম থেকে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীরা এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

চ. প্রথম ১০ জনকে পুরস্কার প্রদান করা হবে।

ছ. লেখা পাঠানোর ঠিকানা ও শেষ তারিখ: আগামী ১৫ জুলাই ২০২৫ ইং তারিখের মধ্যে সরাসরি অথবা ডাকযোগে, **পরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ১/ক সেগুন বাগিচা, ঢাকা-১০০০** বরাবর প্রেরণ করতে হবে। প্রেরণকৃত রচনার সফটকপি imli.moebd@gmail.com ই-মেইলে প্রেরণ করতে হবে।

২। বর্ণিত অবস্থায়, রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণের নিমিত্ত বহল প্রচারের জন্য দেশব্যাপী সকল স্কুল-কলেজ পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানকে অবহিত করে পত্র প্রেরণ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

দৃষ্টি আকর্ষণ: পরিচালক, কলেজ ও প্রশাসন উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

(Signature)
অধ্যাপক ড. মুহাম্মদ আসাদুজ্জামান
পরিচালক

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট

ফোন: ০২-৮৩৯১৩৪৬

ই-মেইল: imli.moebd@gmail.com

প্রফেসর ড. মুহাম্মদ আজাদ খান

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি:

১. পরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২. পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৩. অফিস কপি।